গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় কমিশনারের কার্যালয়, খুলনা
(স্থানীয় সরকার শাখা)
www.khulnadiv.gov.bd

স্মারক নং ০৫.৪৪.০০০০.০০০.০০৪.০৪.০০৪৮.২৬-৩৯৭ তারিখ: ১০ জ্যৈষ্ঠ ১৪৩৩ / ২৪ মে ২০২৬

## "দরপত্র বিজ্ঞপ্তি"

বিভাগীয় কমিশনারের কার্যালয়, খুলনা এর নিয়ন্ত্রণাধীন "খ" তফশিলে বর্ণিত **চকরাজাপুর-তেমাদিয়া** জেলা পরিষদ আন্তঃবিভাগীয় খেয়াঘাটটি ২০২৬-২৭ অর্থ বছরের ০১ জুলাই ২০২৬ হতে ৩০ জুন ২০২৭ পর্যন্ত ০১(এক) বছর সময়ের জন্য ইজারা বন্দোবস্ত প্রদানের নিমিত্ত নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে নির্দিষ্ট ফরমে (সিডিউল ফরম) সর্বসাধারণের নিকট থেকে সীলগালাকৃত খামে (মুখ বন্ধ খামে) দরপত্র আহবান করা যাচ্ছে। উল্লেখ্য, সর্বসাধারণ দরপত্র ফরম (সিডিউল) ক্রয়পূর্বক দাখিলে অংশগ্রহণ করতে পারবেন। তবে **"জন্মগত পেশাদার পাটনী/ পেশাদার পাটনীগণ"** আবেদন করলে অগ্রাধিকার পাবেন।

## তফশিল "ক"

| ক্রমিক নম্বর | বিবরণ | বিস্তারিত |
|---|---|---|
| ০১ | মন্ত্রণালয়/বিভাগ | স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, ঢাকা |
| ০২ | দরপত্র আহবানকারী দপ্তরের নাম | বিভাগীয় কমিশনারের কার্যালয়, খুলনা (স্থানীয় সরকার শাখা) |
| ০৩ | কাজের বিবরণ ও ইজারার সময়কাল | চকরাজাপুর-তেমাদিয়া জেলা পরিষদ আন্তঃবিভাগীয় খেয়াঘাট ২০২৬-২৭ অর্থ বছরের ০১ জুলাই ২০২৬ হতে ৩০ জুন ২০২৭ পর্যন্ত ০১(এক) বছর সময়ের জন্য ইজারা বন্দোবস্ত প্রদান |
| ০৪ | সংগ্রহ পদ্ধতি | উন্মুক্ত দরপত্র পদ্ধতি (ওটিএম) |
| ০৫ | দরপত্র আহবানের উৎস/সূত্র | স্থানীয় সরকার বিভাগের স্মারক নম্বর প্রজেই-২/ফ-১/২০০৩/২৬২/(৫২৭২), তারিখ: ১৯.০৪.২০০৩ "হস্তান্তরিত ফেরীঘাটের ইজারা ও ব্যবস্থাপনা এবং উদ্ভুত আয় বন্টন সম্পর্কে নীতিমালা-২০০৩" |
| ০৬ | দরপত্র বিজ্ঞপ্তি বিষয়ক তথ্য | যে-কোন কার্যদিবসে অফিস চলাকালীন সময়ের মধ্যে জেলা পরিষদ আন্তঃবিভাগীয় খেয়াঘাট ইজারা সংশ্লিষ্ট দরপত্র বিজ্ঞপ্তি সংক্রান্ত যাবতীয় তথ্য ৭ নম্বর ক্রমিকে বর্ণিত প্রতিষ্ঠান হতে জানা যাবে এবং দরপত্র ফরম (সিডিউল) নির্ধারিত মূল্যে (অফেরতযোগ্য) ক্রয় করা যাবে |
| ০৭ | দরপত্র ফরম (সিডিউল) বিক্রয়ের স্থান | (ক) বিভাগীয় কমিশনারের কার্যালয়, খুলনা/ রাজশাহী (স্থানীয় সরকার শাখা)<br>(খ) প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ কার্যালয়, কুষ্টিয়া/ রাজশাহী<br>(গ) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, দৌলতপুর, কুষ্টিয়া; বাঘা, রাজশাহী |
| ০৮ | দরপত্র দাতার যোগ্যতা | দরপত্রের শর্তাবলী প্রযোজ্য |
| ০৯ | দরপত্র, জামানত ও দাখিলের পদ্ধতি | দরপত্রের সাথে জামানত বাবদ আবেদনকারী (দরদাতা) কর্তৃক উদ্ধৃত দরের **২৫%** অর্থ ব্যাংক ড্রাফট জনতা ব্যাংক পিএলসি, নুরনগর শাখা খুলনার **"জেলা পরিষদ আন্তঃজেলা ফেরীঘাট ইজারা তহবিল, চলতি হিসাব নম্বর ০১০০০৩০৮৯০৮৬২"** শিরোনামের অনুকূলে (সরকার কর্তৃক অনুমোদিত যে কোন তফসিলভুক্ত ব্যাংকের ব্যাংক ড্রাফট) এর মাধ্যমে দাখিল করতে হবে। দরপত্র গৃহীত না হলে পরবর্তীতে জামানত বাবদ দাখিলকৃত ব্যাংক ড্রাফট ফেরতযোগ্য |
| ১০ | দরপত্র ফরম (সিডিউল) মূল্য (অফেরতযোগ্য) | ১,৫০০/- (এক হাজার পাঁচশত) টাকা |
| ১১ | দরপত্র দাখিলের স্থান | (ক) বিভাগীয় কমিশনারের কার্যালয়, খুলনা/ রাজশাহী এঁর (স্থানীয় সরকার শাখা)<br>(খ) জেলা পরিষদ কার্যালয়, কুষ্টিয়া, খুলনা বিভাগ এবং<br>(গ) জেলা পরিষদ কার্যালয়, রাজশাহী, রাজশাহী বিভাগ |

চলমান পাতা-০২

| ক্রমিক নম্বর | বিবরণ | বিস্তারিত | | |
|---|---|---|---|---|
| | | ১ম দফা | ২য় দফা | মন্তব্য |
| ১২ | দরপত্র বিক্রয়ের তারিখ ও সময় | ০৭.০৬.২০২৬ খ্রি. তারিখ | ১৬.০৬.২০২৬ খ্রি. তারিখ | অফিস চলাকালীন সময় পর্যন্ত |
| ১৩ | দরপত্র দাখিলের তারিখ ও সময় | ০৮.০৬.২০২৬ খ্রি. তারিখ | ১৭.০৬.২০২৬ খ্রি. তারিখ | বিভাগীয় কমিশনারের কার্যালয়, খুলনা/ রাজশাহী এঁর (স্থানীয় সরকার শাখায়) এবং জেলা পরিষদ কার্যালয়, কুষ্টিয়া/ রাজশাহী অফিসে রক্ষিত দরপত্র বাক্সে সকাল-৯:০০ টা হতে দুপুর-১:০০ টা পর্যন্ত দরপত্র দাখিল করা যাবে। (বিশেষ দ্রষ্টব্য: দরপত্র দাখিলের নির্ধারিত সময় শেষ হওয়ামাত্র বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী বিভাগ এবং জেলা পরিষদ কার্যালয়, কুষ্টিয়া/ রাজশাহী অফিসে রক্ষিত দরপত্র বাক্স উপস্থিত দরদাতারগণের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকে) খুলে প্রাপ্ত দরপত্রসমূহ তালিকাভুক্ত করে পৃথক একটি খামে সীলগালা করে ঐ দিনই বিশেষ বাহক মারফত বিভাগীয় কমিশনারের কার্যালয়, খুলনায় প্রেরণ নিশ্চিত করতে হবে) |
| ১৪ | দরপত্র খোলার তারিখ ও সময় | ০৯.০৬.২০২৬ খ্রি. তারিখ | ১৮.০৬.২০২৬ খ্রি. তারিখ | বিভাগীয় কমিশনারের কার্যালয়, খুলনা এঁর স্থানীয় সরকার শাখায় দুপুর-১১.০০ ঘটিকা। উপস্থিত দরদাতারগণের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকে) |
| ১৫ | দরপত্র কমিটির সভার তারিখ ও সময় | ০৯.০৬.২০২৬ খ্রি. তারিখ | ১৮.০৬.২০২৬ খ্রি. তারিখ | বিভাগীয় কমিশনারের কার্যালয়, খুলনা দুপুর-১২.০০ ঘটিকা |

## তফশিল " খ"

**ইজারাযোগ্য খেয়াঘাটের নাম, উভয় পাড়ের অবস্থান ও সরকারি মূল্য তালিকা:**

| জেলা পরিষদ আন্তঃবিভাগীয় খেয়াঘাটের নাম | উভয় পাড়ের অবস্থান (ইউনিয়ন, উপজেলা, জেলা পরিষদ কার্যালয় ও বিভাগ) | ২০২৬-২৭ অর্থ বছরের সরকারি মূল্য |
|---|---|---|
| চকরাজাপুর-তেমাদিয়া | (চিলমারি ইউনিয়ন, দৌলতপুর উপজেলা, কুষ্টিয়া জেলা পরিষদ, খুলনা বিভাগ এবং গড়গড়ি ইউনিয়ন, বাঘা উপজেলা, রাজশাহী জেলা পরিষদ, রাজশাহী বিভাগ) | ৭,৪৩,৬০০/- (সাত লক্ষ তেতাল্লিশ হাজার ছয়শত) টাকা |

## শর্তাবলি :

০১। স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের ১৯-০৪-২০০৩ খ্রি. তারিখের প্রজেই-২/ফ-১/২০০৩/২৬২(৫২৭২) নং স্মারকের "হস্তান্তরিত ফেরীঘাটের ইজারা ও ব্যবস্থাপনা এবং উদ্ভূত আয় বন্টন সম্পর্কে নীতিমালা-২০০৩"এর বর্ণিত শর্ত মোতাবেক দরপত্র দাখিলকারী **জন্মগত পেশাদার পাটনী/ পেশাদার পাটনী** হলে দরপত্র ফরম (সিডিউল) এর সাথে জন্মগত পেশাদার পাটনী/ পেশাদার পাটনী সম্পর্কে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক সদ্য স্বাক্ষরিত প্রত্যয়ন পত্র (হালনাগাদ) সংযুক্তসহ, জাতীয় পরিচয়পত্রের (এন.আই.ডি) ফটোকপি এবং সদ্য তোলা ০১(এক) কপি পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবি সংযুক্ত করতে হবে।

০২। সীলগালাকৃত (মুখ বন্ধ খামে) দরপত্র খামের উপর দরদাতার নাম, পিতার নাম ও পূর্ণ ঠিকানা এবং খেয়াঘাটের নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে। দরপত্র ফরমে কোন প্রকার কাটাকাটি থাকলে তা দরদাতা কর্তৃক স্বাক্ষরিত হতে হবে ।

০৩। যার দরপত্র গৃহীত হবে, দরপত্র চূড়ান্ত অনুমোদনের পর দরদাতাকে পরবর্তী ০৭(সাত) কার্যদিবসের মধ্যে দাখিলকৃত দরের অবশিষ্ট ৭৫% (পঁচাত্তর ভাগ) অর্থ, মোট দাখিলকৃত দরের উপর ১৫% ভ্যাট (কোড নং-১-১১৩৩-০০০১-০৩১১) এবং ১০% আয়কর (কোড নং-১-১১৪১-০০৫৫-০১১১) খাতে ট্রেজারী চালানের মাধ্যমে অথবা অনলাইনে এ-চালানের মাধ্যমে সরকারি কোষাগারে (সরকার কর্তৃক অনুমোদিত যে কোন তফসীলভুক্ত ব্যাংকে) জমা দিয়ে চালানের মূল কপি বিভাগীয় কমিশনারের কার্যালয়, খুলনায় (স্থানীয় সরকার শাখায়) দাখিল করতে হবে। নির্ধারিত সময়ের মধ্যে ইজারার অবশিষ্ট সমুদয় টাকা (ইজারা মুল্যের অবশিষ্ট অর্থ ৭৫%, ১৫%ভ্যাট বাবদ অর্থ এবং ১০% আয়কর বাবদ অর্থ ) জমাদানে ব্যর্থ হলে কোন কারণ দর্শানো ব্যতিরেকে নীতিমালায় বর্ণিত শর্ত মোতাবেক জামানত বাজেয়াপ্তসহ ইজারা বাতিল করা হবে এবং যথাশীঘ্র উক্ত খেয়াঘাটের জন্য পুনরায় দরপত্র আহবানের ব্যবস্থা গ্রহণ করা হবে।

০৪। গৃহীত দরপত্রের সম্পূর্ণ অর্থ (মোট ইজারা মূল্য, মোট ইজারা মূল্যের উপর ১৫% ভ্যাট বাবদ অর্থ এবং ১০% আয়কর বাবদ অর্থ) পরিশোধ করার পর ইজারা বন্দোবস্ত কমিটির আহবায়ক এর পক্ষে "ভূমি ব্যবস্থাপনা ম্যানুয়েল, ১৯৯১" অনুযায়ী যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত নির্ধারিত ৩০০/- (তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে চুক্তি সম্পাদনের মাধ্যমে ইজারাদারের অনুকূলে খেয়াঘাটের দখল জেলা পরিষদ, কুষ্টিয়া ও রাজশাহী এর মাধ্যমে বুঝিয়ে দেয়া হবে। খেয়াঘাট সংশ্লিষ্ট জেলা পরিষদ কর্তৃক নির্ধারিত স্থানে ইজারাদার খেয়াঘাটের দখল বুঝে নিতে বাধ্য থাকবেন ।

চলমান পাতা-০৩

০৫। খেয়া নৌকা/ ইঞ্জিন চালিত ট্রলারযোগে যাত্রীদের পারাপারের সু-ব্যবস্থার জন্য ইজারাদার প্রযোজ্য ক্ষেত্রে নিজ খরচে অভিজ্ঞ মাঝি নিয়োগ করবেন এবং মানসম্মত উপযুক্ত নৌ-যান সরবরাহসহ যাত্রীদের উঠানামার জন্য রাস্তা (মূল সড়কের পর হতে নৌযানে আরোহন পর্যন্ত), খেয়াঘাট ও যাত্রী ছাউনী নির্মাণ এবং রক্ষণাবেক্ষণ করবেন। ইজারাদার নিজ খরচে খেয়াঘাট সংশ্লিষ্ট এলাকার পরিস্কার-পরিচ্ছন্নতা নিশ্চিত করবেন।

০৬। ইজারাদার কোনক্রমেই ইজারাপ্রাপ্ত খেয়াঘাট অন্যের নিকট সাবলীজ বা বন্দোবস্ত দিতে পারবেন না। যদি অনুরূপ কার্যকলাপ বা চুক্তিপত্রের কোন শর্তের লজ্ঘন ঘটে তবে ইজারাদারের ইজারা বাতিল বলে গণ্য হবে এবং জমাকৃত টাকা বাজেয়াপ্ত হবে। তদুপরি ইজারাদার আইনতঃ দন্ডিত হবেন । এ ক্ষেত্রে অবশিষ্ট সময়ের জন্য সংশ্লিষ্ট খেয়াঘাট পুনরায় যথাশীঘ্র ইজারা প্রদানের ব্যবস্থা গ্রহণ করা হবে ।

০৭। প্রতিদিন ভোর ৫.০০ টা থেকে রাত ১২.০০ টা পর্যন্ত যাত্রী পারাপারের ব্যবস্থা করতে হবে এবং রাতে যাত্রীদের পারাপারের সুবিধার্থে খেয়াঘাটে উপর্যুক্ত আলোর ব্যবস্থা রাখতে হবে ।

০৮। খেয়াঘাটের উভয় পাড়ে ইজারা প্রদানকারী প্রতিষ্ঠান (যথাযথ কর্তৃপক্ষ) কর্তৃক অনুমোদিত টোলরেট চার্ট ইজারাদার সর্বসাধারণের জ্ঞাতার্থে সহজে দর্শনীয় জায়গায় নোটিশ বোর্ড আকারে টানিয়ে রাখার ব্যবস্থা করবেন। ইজারাদার নির্ধারিত হারে টোল আদায় করতে বাধ্য থাকবেন । টোলের অর্থ আদায় সংক্রান্ত কোন অভিযোগ প্রমাণিত হলে নীতিমালা মোতাবেক ইজারা মূল্যের এক দশমাংশ পর্যন্ত জরিমানা এবং সর্বোচ্চ শাস্তি হিসাবে ইজারা বাতিল করা হবে ।

০৯। খেয়াঘাট ইজারা প্রদানে এবং পরিচালনায় প্রযোজ্য যে সকল শর্ত দরপত্র বিজ্ঞপ্তিতে বর্ণিত হয়নি কিন্তু সরকারের কোন আইন, বিধি, অধ্যাদেশ ও পরিপত্র ইত্যাদিতে উল্লিখিত আছে সে সকল আইন, বিধি, আদেশ, বিধান ও শর্তাবলি ইজারাদারগণ মেনে চলতে বাধ্য থাকবেন। খেয়াঘাটের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা এবং যানবাহন ও যাত্রীদের সহজে যাতায়াতের সুবিধার্থে স্থানীয় প্রশাসন কর্তৃক প্রদত্ত আদেশ নির্দেশও ইজারাদারকে মেনে চলতে হবে।

১০। "হস্তান্তরিত ফেরীঘাটের ইজারা ও ব্যবস্থাপনা এবং উদ্ভূত আয় বন্টন সম্পর্কে নীতিমালা-২০০৩" এর বর্ণিত সকল শর্তাবলি, দরপত্র বিজ্ঞপ্তির শর্তাবলি, চুক্তিপত্রের শর্ত এবং ১৮৮৫ সালের বেঙ্গল ফেরী এ্যাক্ট এর বিধান ভঙ্গ করলে ইজারা প্রদত্ত খেয়াঘাটের ইজারা বাতিলসহ জমাকৃত সমুদয় অর্থ বাজেয়াপ্ত করে পুনরায় ইজারা প্রদানের ব্যবস্থা গ্রহণ করা হবে ।

১১। তালিকায় বর্ণিত খেয়াঘাটসমূহ যে-কোনো প্রাকৃতিক দুর্যোগ বা মহামারি (ঘূর্ণিঝড়, বন্যা, সাইক্লোন, জ্বলোচ্ছাস, নদী ভাঙ্গন, নদীর নাব্যতা হ্রাস অথবা করোনা ভাইরাসের মতো যে-কোনো ধরনের মহামারি ইত্যাদি) চলাকালীন দেশের সার্বিক অবস্থা বিবেচনায় প্রশাসন কর্তৃক যে কোন ধরনের আদেশের মাধ্যমে বা প্রাকৃতিকভাবে বন্ধ থাকলে ইজারাদার খেয়াঘাট বন্ধ থাকাকালীন ক্ষতিপূরণ বাবদ কোন অর্থ দাবি করতে পারবেন না।

১২। ইজারা প্রদত্ত খেয়াঘাটের সন্নিকটে বিআইডব্লিউটিএ কর্তৃক কোন ঘাট স্থাপন করে যাত্রী পারাপার (আড়াআড়ি পারাপার ব্যতীত) করলে কিংবা সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ কর্তৃক ফেরী স্থাপনের মাধ্যমে যানবাহন ও যাত্রী পারাপার করলে ইজারাদার ক্ষতিপূরণ দাবি করতে পারবেন না বা ইজারা শর্ত পরিবর্তনের জন্য কোন আবেদন করতে পারবেন না। এ প্রেক্ষাপটে কোন আবেদন বিবেচনা করা হবে না।

১৩। ইজারাদার ইজারা প্রাপ্ত খেয়াঘাট পরিচালনার সময় খেয়া নৌকা/ ইঞ্জিন চালিত ট্রলার যোগে যে কোন ধরণের অবৈধ মালামাল, নেশা জাতীয় মাদক দ্রব্য পরিবহন করলে অথবা এ সকল কাজের সাথে সম্পৃক্ত থাকলে তার দায়ভার ইজারাদারের উপর বর্তাবে। এ প্রেক্ষাপটে ইজারা প্রদানকারী কর্তৃপক্ষ কোন দায় দায়িত্ব গ্রহণ করবে না।

১৪। বিভাগীয় কমিশনারের কার্যালয়, খুলনা এর ওয়েব সাইট www.khulnadiv.gov.bd এবং বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী এর ওয়েব সাইট www.rzjshahidiv.gov.bd হতে জেলা পরিষদ আন্তঃবিভাগীয় খেয়াঘাট ইজারা সংশ্লিষ্ট যাবতীয় তথ্য জানা যাবে।

১৫। সাধারণভাবে সর্বোচ্চ দর গ্রহণ করা হবে। তবে কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ যে কোন দরপত্র গ্রহণ বা বাতিল বা পরিবর্তন বা পরিবর্ধন করার ক্ষমতা সংরক্ষণ করেন।

স্বাক্ষরিত
২৪.০৫.২০২৬
(আবু সায়েদ মোঃ মনজুর আলম)
অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক)
খুলনা
ও
আহবায়ক
জেলা পরিষদ আন্তঃবিভাগীয় খেয়াঘাট ইজারা বন্দোবস্ত কমিটি
ফোন-০২-৪৭৭৭০৩০৩৮ (অফিস)

চলমান পাতা-০৪:

স্মারক নং ০৫.৪৪.০০০০.০০০.০০৪.০৪.০০৪৮.২৬-৩৯৭(৪০) তারিখ: ১০ জ্যৈষ্ঠ ১৪৩৩
২৪ মে ২০২৬

অনুলিপি সদয় জ্ঞাতার্থে :

০১। সচিব, স্থানীয় সরকার বিভাগ,বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০২। বিভাগীয় কমিশনার, খুলনা/ রাজশাহী
০৩। পরিচালক, স্থানীয় সরকার, রাজশাহী বিভাগ
০৪। জেলা প্রশাসক, কুষ্টিয়া/ রাজশাহী

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

০১। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, কুষ্টিয়া/ রাজশাহী (বিজ্ঞপ্তিটি তাঁর কার্যালয়ের নোটিশ বোর্ডে টানানো ও ওয়েব সাইটের মাধ্যমে বহুল প্রচারের জন্য অনুরোধ জানানো হলো)
০২। উপপরিচালক, স্থানীয় সরকার, কুষ্টিয়া/ রাজশাহী
০৩। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), কুষ্টিয়া/ রাজশাহী
০৪। পুলিশ সুপার, কুষ্টিয়া/ রাজশাহী
০৫। সিভিল সার্জন, কুষ্টিয়া/ রাজশাহী (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
০৬। আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার, খুলনা/ রাজশাহী বিভাগ(ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
০৭। জেলা তথ্য অফিসার, কুষ্টিয়া/ রাজশাহী (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
০৮। মেয়র, কুষ্টিয়া পৌরসভা, কুষ্টিয়া/ বাঘা পৌরসভা, রাজশাহী (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
০৯। উপজেলা নির্বাহী অফিসার ,দৌলতপুর, কুষ্টিয়া/ বাঘা, রাজশাহী (বিজ্ঞপ্তিটি তার কার্যালয়ের নোটিশ বোর্ডে টানানো ও ওয়েব সাইটে মাধ্যমে বহুল প্রচারের জন্য অনুরোধ জানানো হলো)
১০। সিনিয়র সহকারী কমিশনার (আইসিটি), বিভাগীয় কমিশনারের কার্যালয়, খুলনা/রাজশাহী বিভাগ (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
১১। সহকারী কমিশনার (ভূমি), দৌলতপুর, কুষ্টিয়া/ বাঘা, রাজশাহী (বিজ্ঞপ্তিটি তাঁর কার্যালয়ের নোটিশ বোর্ডে টানানোর জন্য অনুরোধ জানানো হলো)
১২। সাব-রেজিষ্টার, দৌলতপুর, কুষ্টিয়া/ বাঘা, রাজশাহী (বিজ্ঞপ্তিটি তার কার্যালয়ের নোটিশ বোর্ডে টানানোর জন্য অনুরোধ জানানো হলো)
১৩। ভারপ্রাপ্ত কর্মকর্তা, দৌলতপুর থানা, কুষ্টিয়া/ বাঘা থানা, রাজশাহী (বিজ্ঞপ্তিটি তাঁর কার্যালয়ের নোটিশ বোর্ডে টানানোর জন্য অনুরোধ জানানো হলো)
১৪। চেয়ারম্যান.......................................... ইউনিয়ন পরিষদ, উপজেলা-........................................জেলা-...................
(বিজ্ঞপ্তিটি তাঁর অধিক্ষেত্রাধীন এলাকায় ব্যাপক প্রচারের জন্য অনুরোধ জানানো হলো)।
১৫। জনাব ...........................................................................................................................................
(প্রাক্তন ইজারাদার)
১৬। নোটিশ বোর্ড
১৭। অফিস কপি

২৪/৫/২৬
(আবু সায়েদ মোঃ মনজুর আলম)
পরিচালক (চলতি দায়িত্ব)
স্থানীয় সরকার
খুলনা বিভাগ, খুলনা
ও
সদস্য সচিব
জেলা পরিষদ আন্তঃবিভাগীয় খেয়াঘাট ইজারা বন্দোবস্ত কমিটি